

# চুয়েটের দ্বিতীয় প্রো-ভিসি হলেন অধ্যাপক ড. জামাল উদ্দীন আহাম্মদ

অনলাইন ডেস্ক

১৬ ফেব্রুয়ারি ২০২৪, ০৮:৫৩ পিএম



চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট) -এর দ্বিতীয় প্রো-ভাইস চ্যান্সেলর হিসেবে নিয়োগ পেলেন যন্ত্রকৌশল বিভাগের অধ্যাপক ড. জামাল উদ্দীন আহাম্মদ। অধ্যাপক ড. জামাল উদ্দীন আহাম্মদ বৃহস্পতিবার অপরাহ্নে চুয়েটের প্রো-ভিসি পদে যোগদান করেন।

গতকাল বৃহস্পতিবার (১৫ ফেব্রুয়ারি) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর -এর নির্বাহী আদেশে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের উপসচিব মোছা. রোখছানা বেগম স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনের মাধ্যমে তার নিয়োগাদেশ জারি করা হয়। তিনি পরবর্তী চার বছরের জন্য এ নিয়োগাদেশ লাভ করেন।

এদিকে যোগদানের পরপরই বিকেলে তিনি চুয়েটের ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মোহাম্মদ রফিকুল আলম মহোদয়ের সাথে সৌজন্য সাক্ষাৎ করেন। এ সময় ভাইস চ্যান্সেলর নতুন যোগদানকৃত প্রো-ভিসি মহোদয়কে ফুলেল শুভেচ্ছা জানান।

উল্লেখ্য যে, অধ্যাপক ড. জামাল উদ্দীন আহাম্মদ বর্তমানে যন্ত্রকৌশল বিভাগের অধ্যাপক পদে দায়িত্ব পালনের পাশাপাশি মেকাট্রনিক্স অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে দায়িত্ব পালন করছেন। এছাড়া চুয়েট বঙ্গবন্ধু পরিষদের প্রতিষ্ঠাতা সভাপতি, আইইবি চট্টগ্রাম সেন্টারের সেমিনার কমিটির আহ্বায়ক, আইইবি'র এএসএমই -এর সদস্য হিসেবেও তিনি দায়িত্ব পালন করছেন। এর আগে তিনি চুয়েটের

সিন্ডিকেট সদস্য, যন্ত্রকৌশল অনুষদের ডিন, যন্ত্রকৌশল বিভাগের বিভাগীয় প্রধান, পেট্রোলিয়াম অ্যান্ড মাইনিং ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান, ড. কুদরত-ই-খুদা হলের প্রভোস্ট, স্টাফ ওয়েলফেয়ার কমিটির সভাপতি এবং মুজিব শতবর্ষ উদযাপনের মিডিয়া ও প্রকাশনা কমিটির সভাপতি হিসেবেও দায়িত্ব পালন করেন। অধ্যাপক ড. জামাল উদ্দীন আহাম্মদ ব্রাহ্মণবাড়িয়ার নবীনগরের মরহুম দুলাল উদ্দীন আহাম্মদ ও ফরিদা বেগমের গর্ভিত সন্তান।